

স্মারক নং ৪৬.৪২.১৩০০.০৩০.০১.০০৫.২১-১৭২


তারিখঃ ০৯/০৩/২০২১।

আন্তঃ উপজেলা বাজার ইজারার বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলাধীন আন্তঃ উপজেলা বাংলা বাজার (গরুর বাজারসহ) ১৪২৮ বাংলা সনের জন্য (১লা বৈশাখ, ১৪২৮ হতে ৩০ চৈত্র, ১৪২৮ বাংলা সন পর্যন্ত এক বছর মেয়াদে) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইজারা দেয়ার নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনুমোদিত দরপত্র ফরমে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র ফরম অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর এর স্থানীয় সরকার শাখা/ উপজেলা নির্বাহী অফিসার, চাঁদপুর সদর/হাইমচর কার্যালয় হতে ক্রয় ও দাখিল করা যাবে। দাখিলকৃত দরপত্রসমূহ দরপত্র দাখিলের শেষ তারিখ বিকাল ০৪:০০ ঘটিকার সময় দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকে) খোলা হবে। এতদসংক্রান্ত বিস্তারিত তথ্যাদি ও শর্তাবলী স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর থেকে জানা যাবে।

ক্রঃ নং	পর্যায়ক্রম	বাজারের নাম	উপজেলার নাম	দরপত্র ক্রয়ের শেষ তারিখ	দাখিলের শেষ তারিখ (বেলা ১:০০ টার মধ্যে)	দরপত্রের মূল্য (প্রতিসেট)
০১	প্রথম পর্যায়	বাংলা বাজার	চাঁদপুর সদর	২৩/০৩/২০২১	২৪/০৩/২০২১	১৪০০.০০ টাকা
০২	দ্বিতীয় পর্যায়	(গরুর বাজারসহ)	ও	৩০/০৩/২০২১	৩১/০৩/২০২১	(অফেরৎযোগ্য)
০৩	তৃতীয় পর্যায়		হাইমচর	০৭/০৪/২০২১	০৮/০৪/২০২১	

উল্লেখ্য, ১ম পর্যায়ের কোন যোগ্যতাসম্পন্ন দরপত্র পাওয়া না গেলে ২য় পর্যায়ের দরপত্র গ্রহণ করা হবে। ২য় পর্যায়ের কোন যোগ্যতাসম্পন্ন দরপত্র পাওয়া না গেলে ৩য় পর্যায়ের দরপত্র গ্রহণ করা হবে। ২য় ও ৩য় পর্যায়ের দরপত্রের জন্য আলাদা ভাবে পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়া হবে না, সংশ্লিষ্ট দপ্তরের নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।



(অঞ্জনা খান মজলিশ)

জেলা প্রশাসক

চাঁদপুর

ফোন-০৮৪১-৬৩১১১ (অফিস)

ফ্যাক্সঃ ০৮৪১- ৬৩৩৩৩

ই-মেইল-dcchandpur@mopa.gov.bd

১১/৩/২১

স্মারক নং ৪৬.৪২.১৩০০.০৩০.০১.০০৫.২১-১৭২

তারিখঃ ০৯/০৩/২০২১।

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল

০১। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁদপুর।

০২। মেয়র, চাঁদপুর পৌরসভা, চাঁদপুর।

০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাঁদপুর সদর/ হাইমচর, চাঁদপুর।

০৪। উপজেলা নির্বাহী অফিসার,....., চাঁদপুর। তাঁকে বহুল প্রচার করতঃ অত্র সংগে এস.আর ফেরত দেয়ার জন্য অনুরোধ করা হলো।

০৫। সহকারী কমিশনার (ভূমি).....চাঁদপুর। সংযুক্ত বিজ্ঞপ্তিগুলো তাঁর উপজেলাধীন ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার মাধ্যমে বহুল প্রচার করতঃ আগামী ১১/০৩/২০২১ তারিখের মধ্যে জারীর এস আর এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৬। সহকারী কমিশনার (গোপনীয়)। জেলা প্রশাসক, চাঁদপুর মহোদয়ের সদয় অবগতির জন্য।

০৭। সহকারী কমিশনার, আইসিটি শাখা, চাঁদপুর। জেলা প্রশাসক, চাঁদপুর মহোদয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য।

০৮। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ চাঁদপুর।

০৯। সম্পাদক, দৈনিক ইলশেপাড়, চাঁদপুর। উপরোক্ত বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় আগামী ১১/০৩/২০২১ তারিখের মধ্যে এক দিনের জন্য স্বল্প পরিসরে (দুই কলামে ৪ ইঞ্চি) আকারে প্রকাশ করতঃ প্রকাশিত পত্রিকার ২(দুই) কপি এ কার্যালয়ে প্রেরণের অনুরোধ করা হলো।

১০। জনাব.....ইজারাদার.....

১১। নোটিশ বোর্ড.....



জেলা প্রশাসক

চাঁদপুর

১১/৩/২১